

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.১৪২.০৬.০০১.১৯ (পার্ট-১)-০২

তারিখ: ২২ পৌষ, ১৪২৬ বঃ
০৬ জানুয়ারি, ২০২০ খ্রি:

বিষয়: ত্রি-পক্ষীয় সভায় প্রতিনিধি প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০১.১৯ (পার্ট-১)-২৫২, তারিখ: ১৯.১২.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট এর অডিটে পরিলক্ষিত ২০১৩-২০১৪ অর্থ বছরের অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদ নং-৩ ও ৪ এর বিষয়ে গত ৩০.১২.২০১৯ খ্রি. তারিখে এ বিভাগের অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে সূত্রোক্ত স্মারকমূলে একটি ত্রি-পক্ষীয় সভার আয়োজন করা হয়। উক্ত ত্রি-পক্ষীয় সভায় LAD এর প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছিল।

০২. অডিট আপত্তি নং-০৩ পূর্বেই নিষ্পত্তি হয়ে যাওয়ায় এবং অনু: ৪-এর বিষয়ে আলোচনার নিমিত্ত কর্মপত্র LAD-তে প্রেরণ করা হয়েছিল।


০৩. কিন্তু যোগাযোগ করা সত্ত্বেও নির্ধারিত তারিখ ও সময়ে LAD কর্তৃক কোন প্রতিনিধি প্রেরণ না করায় ত্রি-পক্ষীয় সভাটি অনুষ্ঠিত হয়নি। অধিকন্তু প্রতিনিধি প্রেরণ না করার কারনও জানানো হয়নি।

০৪. যেহেতু ৩০/১২/২০১৯ খ্রি. তারিখের ত্রি-পক্ষীয় সভাটি অনুষ্ঠিত হয়নি সেহেতু আগামী ২০/০১/২০২০ খ্রি. তারিখে পুনরায় সভাটি অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৫. উক্ত তারিখের সভায় ২০১৩-২০১৪ অর্থ বছরের ৪নং আপত্তিসহ ১৯৮৪-৮৫ অর্থ বছরের অনু: নং-১৩, ২০০৬-২০০৮ অর্থ বছরের অনু: নং-০১ ও ০২, ২০০৮-২০০৯ অর্থ বছরের অনু: নং-০৩ ও ০৪, ২০০৯-২০১০ অর্থ বছরের অনু: নং-০১ ও ০২, ২০১০-২০১৩ অর্থ বছরের অনু: নং-০১ ও ০৪ আপত্তিগুলো আলোচ্য সূত্রের অন্তর্ভুক্ত করা হয়েছে।

০৬. এমতাবস্থায়, বর্ণিত প্রতিষ্ঠানের অগ্রীম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আগামী ২০.০১.২০২০ খ্রি. তারিখ, সোমবার, সকাল-১১.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এঁর অফিস কক্ষে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের লক্ষ্যে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করার জন্য পুন:রায় নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, অডিট আপত্তিগুলোর বিষয়ে কর্মপত্র প্রস্তুত করে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যপত্র ১৮ ফর্দ।


০৬.০১.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন : ০২-৯৫৭৫২৭২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা। (উপপরিচালক পর্যায়ের ২ জন প্রতিনিধি/কর্মকর্তা প্রেরণের অনুরোধসহ)
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (পরিচালক পর্যায়ের ১ জন প্রতিনিধি/কর্মকর্তা প্রেরণের অনুরোধসহ)
৩. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অধ্যক্ষ, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর। (সভায় গ্রহণযোগ্য জবাব ও প্রমাণকসহ উপস্থিতির অনুরোধসহ)

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিনিয়র সহকারী সচিব (সেবা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (১০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইট এ দেয়ার অনুরোধসহ)
৪. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬-৭. অফিস কপি/ মাষ্টার কপি।